

তারিখ: ১৯.১১.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

দেশের উন্নয়নে প্রবাসীদের ভূমিকা রাখতে হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, “দেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীরা অতীত থেকে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছেন। দেশের উন্নয়নের গतिकে আরও এগিয়ে নিতে প্রবাসীদের ভূমিকা ও অংশগ্রহণ বাড়াতে হবে।” বুধবার লন্ডনের স্ট্রাটফোর্ডে ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার ট্রাস্টের চ্যারিটি শপ ও কার্যালয় পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। মেয়র বলেন, প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স দেশের অর্থনীতিকে শক্তিশালী করেছে। পাশাপাশি তাঁদের আন্তর্জাতিক অভিজ্ঞতা, দক্ষতা, জ্ঞান ও নেটওয়ার্ক দেশের উন্নয়ন অগ্রযাত্রায় আরও বড় ভূমিকা রাখতে পারে। তিনি ট্রাস্টসহ বিভিন্ন প্রবাসী সংগঠনের মানবিক ও চ্যারিটেবল কাজেরও প্রশংসা করেন। ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার ট্রাস্ট আন্তর্জাতিকভাবে মানবতার সেবায় কাজ করে। বিশেষ করে বাংলাদেশসহ বিভিন্ন দেশে চ্যারিটি কার্যক্রম, দারিদ্র্য বিমোচন, শিক্ষা ও স্বাস্থ্যসেবায় সহায়তা প্রদানই তাদের মূল লক্ষ্য। পরিদর্শনকালে ট্রাস্টের পক্ষ থেকে মেয়র ডা. শাহাদাত হোসেনকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়। ট্রাস্টের কর্মকর্তারা মেয়রকে তাদের চলমান কর্মকাণ্ড, ভবিষ্যৎ পরিকল্পনা ও আন্তর্জাতিক সহযোগিতার সম্ভাবনা সম্পর্কে অবহিত করেন। ট্রাস্টের কর্মকর্তারা বলেন, মেয়রের এই সফর তাদের কাজকে আরও প্রেরণা জোগাচ্ছে এবং আন্তর্জাতিক অঞ্নে মানবতার সেবায় সহযোগিতা ও সমর্থনের বার্তা বহন করছে। এতে উপস্থিত ছিলেন বিএনপি'র চেয়ারপার্সন উপদেষ্টা মন্ডলী সদস্য মাহিদুর রহমান, ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার ট্রাস্ট এর উপদেষ্টা কামাল উদ্দিন, ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার ট্রাস্ট এর চেয়ারম্যান খসরুজ্জামান খসরু।



স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮